দামুড়হুদায় ফেন্সিডিলসহ পুরাতন বাস্তপুরের হাসান আটক

দামুড়হুদা মডেল থানা পুলিশের মাদক বিরোধী অভিযান চালিয়ে ১২ বোতল ফেন্সিডিলসহ একজনকে আটক করেছেন।

আটকৃত হাসান আলি(৩০) পুরাতন বাস্তপুর গ্রামের কিতাব আলির ছেলে।গতকাল রবিবার রাত সাড়ে ১০ টার দিকে হাউলী জয়রামপুর ফকিরপাড়া পাকা রাস্তার উপর থেকে ১২ বোতল ফেন্সিডিলসহ তাকে আটক করা হয়।

জানাযায়, দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি আলমগীর কবির এর নেতৃত্বে গোপন সংবাদের ভিত্তিতে এস আই আসাদুজ্জামান আসাদ, এ এস আই মহানন্দ সঙ্গীয় ফোর্স নিয়ে দামুড়হুদা উপজেলার পুরাতন বাস্তপুর গ্রামের কিতাব আলির ছেলে হাসান আলিকে আটক করেন। পরে তার দেহ তল্লাশী করে ১২ বোতল ফেন্সিডিল উদ্ধার করে।

দামুড়হুদা মডেল থানায় তার বিরুদ্ধে মাদক নিয়ন্ত্রণ আইনে মামলা দায়ের করা হয়েছে।

মেহেরপুরে ফেনসিডিলসহ মাদক ব্যবসায়ী আটক

বিশেষ পদ্ধতি ইঞ্জিনচালিত পাখি ভ্যানের সিটের সাথে ফেনসিডিল বহন করেও রেহায় পেলনা মাদক মাদক ব্যবসায়ী স্বপন (২২)।

গোপন সংবাদের ভিত্তিতে র্যাপিড এ্যাকশন ব্যাটলিয়ন (র্যাব-১২) একটি টিম আজ রবিবার (১১ ফেব্রুয়ারি) বিকালে অভিযান চালিয়ে ২৯ বোতল ভারতীয় ফেনসিডিলসহ তাকে আটক করেন।

মেহেরপুর-কুষ্টিয়া আঞ্চলিক মহাসড়কের আকুবপুরে এ অভিযান পরিচালনা করে র্যাব। আটক স্বপন ইসলাম গাংনী উপজেলার সীমান্তবর্তী সহড়াতলা গ্রামের আব্দুল মজিদের ছেলে।

সন্ধ্যায় র্যাব গাংনী ক্যাম্পের পাঠানো প্রেস বিজ্ঞপ্তিতে জানা গেছে, মেহেরপুর-কুষ্টিয়া সড়ক দিয়ে ব্যাটারি চালিত পাখিভ্যানযোগে ফেনসিডিল নিয়ে যাচ্ছিল স্বপন ইসলাম। গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালিয়ে তাকে ২৯ বোতল ফেনসিডিলসহ আটক করেন।

অভিযানে ফেনসিডিল ছাড়াও একটি মোবাইল ফোন ও ফেনসিডিল বহনকরা পাখিভ্যানটি জব্দ করা হয়েছে।
নেতৃত্ব দেন র্যাব ১২ সিসিপি ৩ গাংনী ক্যাম্প কমান্ডার এএসপি মনিরুজ্জামান।

র্যাব জানায়, আটক স্বপন প্রাথমিক জিজ্ঞাসাবাদে তার সহযোগী হিসেবে বাদশা নামের এক ব্যক্তির নাম পরিচয় জানিয়েছে। অভিযানের সময় পালিয়ে যাওয়া এই বাদশাকে আটকের চেষ্টা করছে র্যাব।

আটক স্বপন ও পলাতক বাদশার বিরুদ্ধে মাদক দ্রব্য নিয়ন্ত্রণ আইনে গাংনী থানায় একটি মামলা দায়ের করা হয়েছে। ওই মামলায় স্বপনকে আদালতে সোপর্দের জন্য গাংনী থানায় হস্তান্তর করেছে র্যাব।

ঝিনাইদহে ইয়াবাসহ ৬ মাদক ব্যবসায়ী আটক

ঝিনাইদহে ইয়াবাসহ ৬ মাদক ব্যবসায়ীকে আটক করেছে সদর থানা পুলিশ। গতকাল শনিবার রাতে ঝিনাইদহ শহরের মডার্ন মোড় এলাকা থেকে তাদের আটক করা হয়।

ঝিনাইদহ সদর থানার অফিসার ইনচার্জ শাহীন উদ্দিন জানান, শহরের মর্ডান মোড় এলাকায় মাদক ক্রয়-বিক্রয় হচ্ছে এমন সংবাদের ভিত্তিতে সদর থানা পুলিশ অভিযান চালায়। সেসময় সাজ্জাদ হোসেন টিপু, জীবন হোসেন, রাসেল মিয়া, ইয়ারুল ইসলাম, আনিচ হোসেন ও শামীম হোসেনকে আটক করা হয়। পরে তাদের কাছ থেকে উদ্ধার করা হয় ১০০ পিচ ইয়াবা। আটকৃকতদের বাড়ি চুয়াডাঙ্গা ও ঝিনাইদহ সদর উপজেলার বিভিন্ন গ্রামে।

এ ঘটনায় পুলিশের পক্ষ থেকে থানায় মাদকদ্রব্য আইনে মামলা করা হয়েছে। পরে আটকৃকতদের আদালতের মাধ্যমে জেল হাজতে প্রেরন করা হয়েছে।

মুজিবনগরে ফেনসিডিলসহ মাদক ব্যবসায়ী দম্পত্তি আটক

মেহেরপুরের মুজিবনগরে ৫০ বোতল ফেনসিডিলসহ মাদক ব্যবসায়ী দম্পত্তিকে আটক করেছে পুলিশ।

আজ শনিবার (১০ ফেব্রুয়ারি) ভোর সাড়ে ৬টার দিকে মুজিবনগর-আটকবর সড়কের বটতলা নামক স্থানে মুজিবনগর থানার এসআই মো: খালিদুর আশিকের নেতৃত্বে পুলিশের একটি দল এ অভিযান পরিচালনা করেন। আটক দম্পত্তিরা হলেন, ঢাকা পল্লবীর ব্লক- সি ৩৫ নম্বর বাসার বাসিন্দা আব্দুল মান্নানের ছেলে তানভীর হোসেন (৩০) এবং তার স্ত্রী স্বর্ণা খাতুন।

পুলিশ জানায়, গোপন সংবাদের ভিত্তিতে মুজিবনগর উপজেলার কেদারগঞ্জ আটকবর সড়কের হরেনের বটতলা নামক স্থানে এস আই মো: খালিদুর আশিক, এস আই ইস্রাফিল ও এএসআই সীমা খাতুন সঙ্গীও ফোর্স নিয়ে অভিযান পরিচালনা করেন। এসময় ওই স্থানের একটি চা দোকানের পাশের একটি হেয়ারিং রাস্তায় ওই দম্পত্তিতে দেখে তারা চ্যালেঞ্জ করেন এবং তানভির হোসের হাতে হাতে সাদা বস্তাতে তল্লাশি করে ৫০ বোতল ফেন্সিডিল উদ্ধার করেন।

এস আই মো: খালিদুর আশিক জানান, তানভিরের বিরুদ্ধে মাদক মামলায় আরও দুটি মামলা রয়েছে। ধারণা করা হচ্ছে তারা সীমান্ত এলাকা থেকে মাদক নিয়ে গিয়ে রাজধানী এলাকায় ব্যবসা করেন। তাদের বিরুদ্ধে মাদক দ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দিয়ে আদালতে প্রেরণ করা হয়েছে।

গাংনীর রামকৃষ্ণপুরে ৬ গ্রাম হেরোইনসহ মাদক ব্যবসায়ী আটক

গাংনীর রামকৃষ্ণপুরে ৬ গ্রাম হেরোইনসহ মাদক ব্যবসায়ীকে আটকে আটক করেছে ধলা পুলিশ ক্যাম্প।

আজ রবিবার বিকেলে রামকৃষ্ণপুরে ধলা পুলিশ ক্যাম্পের ইনচার্জ (এসআই) সাহেব আলীর নেতৃত্বে, এ এস আই আবুল কালাম আজাদ, ও এ এস আই শামসুর রহমান, এ এস আই শ্রী অমল চন্দ্র , সঙ্গিও ফোর্সসহ অভিযান চালিয়ে তাকে আটক করা হয়।

আটককৃত হলেন মোঃ রিয়জ উদ্দিন(২৪) মোঃ মজির উদ্দিনের ছেলে।

পুলিশ জানায়, প্রকাশ্যে হেরোইন বিক্রি করছে এমন গোপন সংবাদের ভিত্তিতে অভিযান পরিচালনা করা হয় মজির উদ্দিনের বাড়ির পাশে। এসময় পুলিশের উপস্থিতি টের পেয়ে পালানোর চেষ্টাকালে তাকে আটক করা ও তার দেহ তল্লাশি করে ৬ গ্রাম হেরোইনসহ আটক করা হয়। এছাড়াও মোঃ রিয়জ উদ্দিন একজন চিহ্নিত মাদক ব্যবসায়ী বলে জানিয়েছে পুলিশ।

ধলা পুলিশ ক্যাম্পের ইনচার্জ (এসআই) সাহেব আলী জানান, মাদক বিক্রির সময় হাতে নাতে তাকে আটক করা হয়েছে। তার বিরুদ্ধে গাংনী থানাতে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দায়ের করে আদালতে প্রেরণ করা হবে।

চুয়াডাঙ্গায় গাঁজাসহ চাষী আটক

চুয়াডাঙ্গা সদর উপজেলার বড়শলুয়া গ্রামে চিত্রা নদীর পাড় সংলগ্ন নিজ জমিতে অন্যন্য ফসলের সাথে দুইটি গাঁজা গাছসহ হাবিবুর রহমান ওরফে হাবুলকে (২৮) আটক করেছে দর্শনা থানা পুলিশ। সে চুয়াডাঙ্গা সদর উপজেলার দর্শনা থানার বড়শলুয়া গ্রামের নজির ফকিরের ছেলে।

জানা যায়, শনিবার ৩ ফেব্রুয়ারি বিকাল সাড়ে ৩ টার দিকে দর্শনা থানার অফিসার ইনচার্জ বিপ্লব কুমার সাহার নেতৃত্বে অভিযান চালায় বড়শলুয়া চিত্রা নদীর ধারে হাবুলের নিজ জমিতে।

এ সময় দর্শনা থানার এস আই তারেক হাসান সঙ্গীয় অফিসার ও ফোর্সসহ গোপন সংবাদের ভিত্তিতে মাদক বিরোধী অভিযান চালিয়ে তরতাজা অবৈধ মাদকদ্রব্য দুইটি গাঁজা গাছ উদ্ধার করে। সেই সাথে হাবিবুর রহমান হাবুল কে গ্রেফতার করে।গাঁজা গাছ দুইটির আনুমানিক বাজার মৃল্য ৪৪ হাজার টাকা। আগামীকাল তাকে মাদক আইনে মামলাসহ চুয়াডাঙ্গা কোর্ট হাজতে সোপর্দ করা হবে।

ঝিনাইদহে ৬৪০পিচ ইয়াবাসহ ২ মাদক ব্যবসায়ী আটক

ঝিনাইদহ সদর উপজেলার পদ্মাকর গ্রাম থেকে ইয়াবাসহ দুই মাদক ব্যবসায়ীকে আটক করেছে পুলিশ। রোববার রাতে তাদের আটক করা হয়।

আটককৃতরা হলো-পদ্মাকর ইউনিয়নের চাপড়ী গ্রামের দয়াল চন্দ্র বিশ্বাসের ছেলে দীপ্ত কুমার বিশ্বাস (৩২) ও শৈলকুপা উপজেলার দেবতলা গ্রামের ইখতিয়ার মন্ডলের ছেলে জাহিদ হাসান (৩৫)।

ঝিনাইদহ সদর থানার ওসি শাহীন উদ্দিন জানান, পদ্মাকর গ্রামে মাদক ক্রয়-বিক্রয় হচ্ছে এমন সংবাদের ভিত্তিতে সদর থানার হাটগোপালপুর পুলিশ ক্যাম্পের ইনচার্জ আহসানুর রহমান সঙ্গীয় ফোর্স নিয়ে সেখানে অভিযান চালায়। সেসময় দীপ্ত কুমার ও জাহিদ হাসান নামের দুইজনকে আটক করা হয়। সেসময় তাদের কাছ থেকে উদ্ধার করা হয় ৬৪০ পিচ ইয়াবা ও মাদক বিক্রির নগদ ২৫ হাজার টাকা। এ ঘটনায় সদর থানায় মামলা হয়েছে। তাদের বিরুদ্ধে সদর থানাসহ বিভিন্ন থানায় একাধিক মামলা আছে বলে জানিয়েছে পুলিশ।

কুষ্টিয়ার দৌলতপুরে ৪ কেজি গাঁজাসহ মাদক ব্যবসায়ী আটক

কুষ্টিয়ার দৌলতপুর থেকে মাদক বিরোধী অভিযান পরিচালনা করে ৪ কেজি গাঁজাসহ রুবেল হোসেন (৩২) নামে এক মাদক কারবারীকে আটক করেছে।

শনিবার র্যাব-১২’র সিপিসি-১, কুষ্টিয়া কোম্পানীর একটি চৌকষ আভিযানিক দল ‘‘কুষ্টিয়া জেলার দৌলতপুর থানাধীন বাগুয়ান কান্দিরপাড়া গ্রামে” একটি অভিযান চালিয়ে তাকে আটক করে।

এসময় চার কেজি গাজা উদ্ধার করা হয়। যার আনুমানিক মূল্য ১ লাখ ২০ হাজার টাকা।

আটককৃত রুবেল হোসেন দৌলতপুর উপজেলার বাগুয়ান এলাকার মোঃ মোজাম্মেল হকের ছেলে।

র্যাব-১২, সিপিসি-১ কুষ্টিয়ার কোম্পানী কমান্ডার লেঃ কমান্ডার বিএনএম আবুল হাশেম সবুজ জানান, প্রাথমিক জিজ্ঞাসাবাদে জানা যায় যে, আসামিদ্বয় দীর্ঘদিন যাবৎ লোক চক্ষুর আড়ালে কুষ্টিয়া জেলার বিভিন্ন থানা এলাকায় মাদক দ্রব্য ক্রয়-বিক্রয় করে আসছিলো।

আটককৃত মাদক ব্যবসায়ীর বিরুদ্ধে দৌলতপুর থানায় একটি মামলা দায়ের করা হয়েছে। এ ধরণের মাদক উদ্ধার অভিযান সচল রেখে মাদকমুক্ত সোনার বাংলা গঠনে র্যাব-১২, বদ্ধপরিকর বলেও জানান তিনি।

মেহেরপুরে ৭০ গ্রাম হেরোইনসহ তিন মাদক ব্যবসায়ী আটক

মেহেরপুর শহর সংলগ্ন যাদবপুর ব্রীজের কাছে অভিযান চালিয়ে ৭০ গ্রাম হেরোইনসহ দুই নারী মাদক ব্যবসায়ীসহ তিনজনকে আটক করেছে জেলা গোয়েন্দা (ডিবি) পুলিশ।

আজ সোমবার বিকাল সোয়া ৪টার দিকে ডিবির পরিদর্শক আমিনুল ইসলামের নেতৃত্বে ডিবির একটি টিম সেখানে অভিযান পরিচালনা করেন। অভিযানে এসআই উত্তম কুমার, এএসআই হেলাল উদ্দিন, এএসআই আবু সেলিম অংশ নেন।

আটকৃতরা হলেন- সদর উপজেলার বাজিতপুর গ্রামের সিরাজুল ইসলামের স্ত্রী জাহানারা খাতুন, আফজার আলীর স্ত্রী তানজিলা এবং শহরের পুরাতন বাসস্ট্যাড পাড়ার ইছার উদ্দিন শেখের ছেলে তাইজুল ইসলাম।

অতিরিক্ত পুলিশ সুপার (ক্রাইম এন্ড অপস) আহসান খান জানান, গোপন সংবাদের ভিত্তিতে ডিবির অভিযানিক দল ঘটনাস্থলে অভিযান পরিচালনা করে। এসময় সীমান্ত এলাকা বাজিতপুর থেকে একটি ইজিবাইকে করে যাত্রীবেশে তারা শহরের আসছিলো। তাদের শরীর তল্লাশি করে তিন জনের কাছে থেকে ৭০ গ্রাম হেরোইন উদ্ধার করা হয়। যার আনুমানিক মূল্য ৭ লাখ টাকা। এঘটনায় মেহেরপুর সদর থানায় মামলা হয়েছে।

মেহেরপুরে বিএনপির ১৪ জন নেতা আটক

মেহেরপুরে অবরোধ সমর্থনে মিছিল করার সময় বিএনপির ১৪ নেতাকে আটক করেছে পুলিশ।

আজ রবিবার ভোরে জেলার গাংনী উপজেলার বামন্দী এলাকার একটি ইটভাটার সামনে থেকে ১১ জন এবং সদর উপজেলার বিভিন্ন স্থান থেকে ৩ নেতাকে আটক করা হয়েছে।

আটকরা হলেন- মেহেরপুর জেলা বিএনপির যুগ্ম সম্পাদক আব্দুল আওয়াল, সাংগঠনিক সম্পাদক জুলফিকার আলী ভুট্টো, সাহারবাটি ইউনিয়ন স্বেচ্ছাসেবক দলের সভাপতি শরিফ মালিথা, বামন্দী ইউনিয়ন যুবদলের সভাপতি নাহারুল ইসলাম, গাংনী পৌরসভার ৯ নম্বর ওয়ার্ড সভাপতি বশির আহমেদ, সাহারবাটি ইউনিয়ন বিএনপির যুগ্ম সম্পাদক কাবেল উদ্দিন, বামন্দী ইউনিয়ন যুবদলের সভাপতি মাহিদুর রহমান, সহসভাপতি আশরাফুল ইসলাম, বামন্দী ইউনিয়ন বিএনপির সহসভাপতি আবু তাহের, যুগ্ম সম্পাদক রবিউল ইসলাম, মেহেরপুর পৌর বিএনপির সহসভাপতি আবু

ইউসুফ মিরন, সদর উপজেলা স্বেচ্ছাসেবক দলের সাধারণ সম্পাদক ইলিয়াস হোসেন, সহসভাপতি আলী রেজা।

মেহেরপুর জেলা বিএনপির সভাপতি সাবেক এমপি মাসুদ অরুন বলেন, গাংনীতে অবরোধ সমর্থনে মিছিল থেকে পুলিশ ২৭ জনকে আটক করার পরে ১৭ জনকে ছেড়ে দিয়েছে। সদরে বিভিন্ন বাড়ি বাড়ি অভিযান চালিয়ে ৩ জনকে আটক করা হয়েছে।

এসকল আটকের নিন্দা জানিয়ে তিনি বলেন, পুলিশ বিএনপির নেতাকর্মীদের ঘর ছাড়া করতে মাঠে নেমেছে। আগামী ৭ জানুয়ারি পর্যন্ত কোন বিএনপির নেতাকর্মীকে তারা মেহেরপুরে থাকতে দেবে না বলে হুমকি ধামকি দিচ্ছে।

মেহেরপুরের অতিরিক্ত পুলিশ সুপার (ক্রাইম এন্ড অপস) আহসান খান বলেন, গাংনীর বামন্দী এলকার একটি ইটভাটায় বিএনপির নেতাকর্মীরা একত্রে হয়ে নাশকতার পরিকল্পনার করার সময় ১০ জনকে আটক করা হয়েছে। সদর থানা পুলিশ বিভিন্ন স্থান থেকে তিনজনকে আটক করেছে।